

## ব্যবসায়িক অংশীদারদের কার্যক্রমের নির্দেশিকা

### I. নির্দেশিকার উদ্দেশ্য ও আর্জি

SEVEN&i গ্রুপ এর অসংখ্য শেয়ারহোল্ডার যেমন "গ্রাহক, ব্যবসায়িক অংশীদার, শেয়ারহোল্ডার, স্থানীয় সম্প্রদায় এবং কর্মচারী", যারা আমাদের কর্পোরেট কার্যক্রমকে সমর্থন দিয়ে যাচ্ছেন তাদের নিকট একটি বিশ্বস্ত ও আন্তরিক কোম্পানি হতে প্রতিনিয়ত চেষ্টা করে যাচ্ছে। আমাদের কার্যক্রম শুরুর পর থেকেই এটা আমাদের "কর্পোরেট ধর্মমত" হিসেবে বিবেচিত হয়ে আসছে, এবং আমাদের লক্ষ্য হল সকল কর্মী যাতে সহজেই বুঝতে পারে এমন ভাবে "SEVEN&i গ্রুপ কর্পোরেট কর্ম নির্দেশিকা" প্রস্তুত করা।

আজ, অর্থনীতির বিশ্বায়ন এবং স্টেকহোল্ডারের বিভিন্ন চাহিদার সাথে সাথে, এখন দৃঢ়ভাবে দাবি করে যে কর্পোরেশনগুলি তাদের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে আইন-শৃঙ্খলা মেনে, পরিবেশ সংরক্ষণের জন্য কাজ করে দায়িত্বশীলভাবে ব্যবসা পরিচালনা করবে, এবং কর্পোরেশন দ্বারা পরিচালিত পণ্য ও পরিষেবা সম্পর্কিত ব্যবসায়িক অংশীদার সহ সম্পূর্ণ পণ্য ও কাঁচামাল সরবরাহ কার্যক্রমে কাজ করার শর্তগুলি বিবেচনা করবে।

এই ধরনের পরিস্থিতির আলোকে কোম্পানি " SEVEN&i এইচএলডিজিএস" প্রণয়ন করেছিল। ২০০৭ সালে ব্যবসায়িক অংশীদার কার্যক্রমের নির্দেশিকাগুলো ("নির্দেশিকা") তৈরি রা হয় এবং ২০১৭ সালে এটি সংশোধন করা হয়। কোম্পানী মনে করে যে, কোম্পানির গোষ্ঠীর প্রতিটি কোম্পানির সরাসরি ব্যবসায়িক অংশীদারদের পারস্পরিক বোঝাপড়া এবং নির্দেশিকার বাস্তবায়নের মাধ্যমে, ব্যবসায়িক অংশীদার এবং কোম্পানি গ্রুপের প্রতিটি কোম্পানি উভয়ের মধ্যে শুধু যে স্থিতিশীল ব্যবসায়িক ক্রিয়াকলাপ যেমন, আইন এবং প্রবিধান লঙ্ঘনের কারণে ব্যবসা স্থগিতাদেশের ঝুঁকি এবং এই ধরনের ঘটনা থেকে সৃষ্ট গ্রাহকদের পণ্য বর্জনের মত ঘটনা পরিহার করা যাবে তা নয়, বরং এর সাথে সাথে এর মাধ্যমে পণ্যের সুরক্ষা এবং গুণমানের রক্ষণাবেক্ষণ ও বর্ধিতকরণ নিশ্চিত করা যাবে। এছাড়াও, কেবল ব্যবসায়িক সরাসরি অংশীদারদের মধ্যে নয় বরং তাদের সাথে সাথে সেইসব সরবরাহকারী যাদের মাধ্যমে কোম্পানি গোষ্ঠী পণ্য উৎপাদন এবং কাঁচামাল সংগ্রহ করে তাদের সকলের মধ্যে পারস্পরিক বোঝাপড়া এবং কোম্পানী গ্রুপের মনোভাব ও নির্দেশিকার বাস্তবায়ন হলে, আমরা নিশ্চিত যে অন্যান্য স্টেকহোল্ডারদের কাছ থেকে আরও বিশ্বাস অর্জন করা যেতে পারে। এবং এইভাবে আমরা একটি দীর্ঘস্থায়ী সমাজ গঠনে অবদান রাখতে পারি এবং একত্রে সহাবস্থান ও সমৃদ্ধ হতে পারি।

এই বিশ্বাসের কারণে, ব্যবসায়িক অংশীদারদেরকে নিজ কোম্পানির সাথে সাথে আপনাদের কোম্পানির সরবরাহকারীদেরকে নির্দেশিকা মোতাবেক কাজ করা নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা যাচ্ছে।

আমরা আন্তরিকভাবে আমাদের ব্যবসায়িক অংশীদারদের কাছ থেকে আরও সহযোগিতার অনুরোধ করছি।

এপ্রিল ২০১৭

Ryuichi Isaka

SEVEN&i HLDGS. Co., Ltd.

সভাপতি ও প্রতিনিধি পরিচালক

## II. SEVEN&i গ্রুপের ব্যবসায়িক অংশীদারদের কার্যক্রমের নির্দেশিকা

SEVEN&i গ্রুপ এর ব্যবসায়িক অংশীদারদের পাশাপাশি তারা যেসব সরবরাহকারীদের মাধ্যমে পণ্য উৎপাদন করে তাদেরকেও নিম্নলিখিত বিষয় সম্পর্কে জানতে, এর সাথে পরিচিত হতে এবং এটি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা যাচ্ছে। নির্দেশাবলী লঙ্ঘনের কোন প্রকার আলামত পাওয়া গেলে লেনদেন সাময়িক ভাবে স্থগিত হতে পারে অথবা চুক্তি বাতিল হতে পারে।

### 1. আইনগত নীতিমালা

1. প্রতিটি দেশের এবং অঞ্চলের জন্য প্রযোজ্য আইন এবং সেই স্থানের জন্য প্রযোজ্য আন্তর্জাতিক আইনের বিধান এবং মূল নীতি মেনে চলতে হবে।
2. আইনি নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে নীতিমালা গঠন, ব্যবস্থা গ্রহণ, প্রশিক্ষণ বাস্তবায়ন, অভ্যন্তরীণ জবাবদিহিতার নিয়ম ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা।

### 2. মানবাধিকার ও মর্যাদার প্রতি সম্মান প্রদর্শন

যেসব ব্যক্তি তাদের ব্যবসায়িক কর্মকাণ্ডে জড়িত, তাদের মানবাধিকার ও মর্যাদার প্রতি সম্মান প্রদর্শন করতে হবে।

1. এমন কর্মক্ষেত্র তৈরি করতে হবে যেখানে সকল দক্ষতার কর্মী যেন অনুভব করতে পারে যে তাদের সম্পূর্ণ দক্ষতার সঠিক ব্যবহার হবে।
2. কোন প্রকার শিশু-শ্রমের ব্যবহার করা যাবে না, যা আইএলও এর নীতি অনুযায়ী এবং স্থানীয় প্রযোজ্য আইন মোতাবেক নিষিদ্ধ।
3. সমস্ত কর্মী তাদের নিজস্ব স্বাধীন ইচ্ছা অনুযায়ী কাজে নিয়োজিত থাকবে, এবং কোন প্রকার জোরপূর্বক ভাবে কাজ করানো যাবে না। শ্রমিকদের অন্যান্যরূপে তাদের সনাক্তকরণ সার্টিফিকেট হস্তান্তর করতে বা কোন প্রকার অর্থ জামানত রাখতে বলা যাবে না।
4. জাতি, জাতীয়তা, ধর্ম, লিঙ্গ, বয়স, অক্ষমতা, যৌন অভিযোজন \*, লিঙ্গ পরিচয় \*, শ্রম ইউনিয়ন বা রাজনৈতিক কার্যক্রমের ভিত্তিতে কর্মসংস্থান, ক্ষতিপূরণ, প্রচার, পুনর্বাসন, প্রশিক্ষণ, বরখাস্ত বা পদত্যাগের সময় সমান সুযোগ অর্জন ইত্যাদির উপর ভিত্তি করে বৈষম্য করা নিষিদ্ধ।
5. কোন ধরনের শারীরিক শাস্তি, শারীরিক, মানসিক, বা যৌন হয়রানি করা যাবে না।

\* → যৌন অভিযোজন: একজন মানুষ যে লিঙ্গের প্রতি আকর্ষণ অনুভব করে বা যে লিঙ্গের প্রতি যৌন আগ্রহ অনুভব করে তার উপর নির্ভর করে মানুষের মৌলিক যৌন প্রবণতা।

\* → লিঙ্গ পরিচয়: নিজের সম্পর্কে ধারণা বা অনুভব করা যে একজন ব্যক্তি কোন লিঙ্গের অন্তর্ভুক্ত।

### 3. কর্মসংস্থান এবং কর্মক্ষেত্রের পরিবেশ

ব্যবসায়ের কর্মকাণ্ডে জড়িত সমস্ত ব্যক্তিকে সঠিক পদ্ধতিতে তাদের নিরাপত্তা এবং স্বাস্থ্যের কথা বিবেচনা করে স্বাস্থ্যসম্মত, কার্যকরী, এবং কর্মচারী-বান্ধব কাজের পরিবেশে কাজ করার জন্য নিয়োগ দিতে হবে।

1. কর্মসংস্থানের সময়, প্রযোজ্য স্থানীয় আইন অনুসারে শ্রমিকের সাথে উপযুক্ত শ্রম চুক্তি গঠন করতে হবে।
2. কাজের ঘন্টা প্রযোজ্য স্থানীয় আইন মেনে ঠিক করতে হবে। শ্রমিকদের প্রযোজ্য স্থানীয় আইন অনুযায়ী যথাযথ বিরতি এবং ছুটি প্রদান করা হবে।
3. শ্রমিকদের প্রযোজ্য স্থানীয় আইন অনুযায়ী ন্যূনতম মজুরি বা তার থেকে বেশি মজুরি প্রদান করা হবে। শ্রমিকদের তাদের অতিরিক্ত সময় কাজের জন্য নির্ধারিত সংবিধিবদ্ধ হার বা তার থেকে বেশি ক্ষতিপূরণ দেওয়া হবে।
4. একজন শ্রমিকের সম্মতি ছাড়া অতিরিক্ত সময় কাজ করানো যাবে না।
5. রাতে এবং/অথবা বিপজ্জনক কাজের পরিবেশে তরুণ কর্মীদের ব্যবহার করা যাবে না।
6. এটি নিশ্চিত করতে হবে যে কর্মক্ষেত্রের ভবনগুলোতে কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করার মত পর্যাপ্ত শক্তি রয়েছে এবং স্থানীয় ভবনের মান সম্পর্কিত আইন ও বিধির অধীনে অনুমতি এবং অনুমোদন গ্রহণ করা হয়েছে এবং ভবনগুলো যথাযথভাবে পরিদর্শন করা হয়েছে এবং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।
7. কর্মস্থলে জরুরি অবস্থায় বের হওয়ার রাস্তা, বিপদের সময় বের হবার রাস্তা এবং চিহ্ন এবং বিভিন্ন সময় পরিদর্শন ও জরুরী অবস্থায় বের হবার প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।
8. শ্রমিকদের জন্য স্বাস্থ্যকর বাথরুম এবং পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে এবং কাজের সময় তাদের ব্যবহার সীমিত করা যাবে না।
9. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম, তথ্য প্রদর্শনের ডিসপ্লে, এবং প্রশিক্ষণ সহ কর্মীদের তাদের কাজের জন্য প্রয়োজনীয় জিনিস সরবরাহ করতে হবে।

10. যদি কর্মীদের জন্য আবাসন সুবিধা প্রদান করা হয়, একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর জায়গা প্রদান করতে হবে।
11. কর্মচারীদের সুযোগ-সুবিধা সংক্রান্ত আইনগুলি মেনে চলতে হবে এবং কর্মীদের সুবিধাসংক্রান্ত একটি কার্যক্রম তৈরি করতে হবে যার ফলে কর্মীরা কোন অযথা চিন্তা ছাড়াই তাদের কাজ করতে পারবে।
12. শ্রমিক বা তাদের প্রতিনিধিদের সাথে আন্তরিক সংলাপ ও আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণ শ্রমিকমালিক সম্পর্ক তৈরি করতে হবে। শ্রমিকদের সমিতি স্বাধীনতার অধিকারের প্রতি সম্মান দেখাতে।

#### 4. বৈশ্বিক পরিবেশের সংরক্ষণ

সব দিক থেকে বৈশ্বিক পরিবেশের কথা বিবেচনা করে বসায় পরিচালনা করতে হবে, যেমন কাঁচা মাল সংগ্রহ, পণ্য উৎপাদন ও সরবরাহ এমন ভাবে করতে হবে যার মাধ্যমে একটি টেকসই সমাজ গড়ে তোলার ক্ষেত্রে অবদান রাখা যায়।

1. প্রযোজ্য পরিবেশগত আইন, প্রবিধান, এবং আন্তর্জাতিক নীতি মেনে চলতে হবে।
2. আন্তর্জাতিক নীতি বা স্থানীয় আইন, অথবা SEVEN&i গ্রুপ দ্বারা পরিচালিত কোম্পানিগুলির দ্বারা নিষিদ্ধ রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবে না। বর্জ্য, দূষণ, বর্জ্য এবং বর্জ্য জল সঠিকভাবে ন্যূনতম করতে হবে যাতে পরিবেশ দূষণ না হয়।
3. ব্যবসা পরিবেশের উপর কি প্রভাব ফেলছে তা সম্পর্কে সঠিক ভাবে জানতে হবে।
4. জলবায়ু পরিবর্তনকে কমিয়ে আনার লক্ষ্যে শক্তি সংরক্ষণের পদ্ধতি নির্ধারণ করতে হবে এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করতে হবে।
5. প্রাকৃতিক সম্পদের ক্ষয় এবং উৎপাদন পরিবেশের কথা বিবেচনা করে কাঁচামাল যথাযথ পদ্ধতিতে সংগ্রহ করতে হবে।
6. জীব বৈচিত্র্যের গুরুত্বের প্রতি খেয়াল রাখতে হবে এবং জীব বৈচিত্র্য সংরক্ষণ করতে হবে।

#### 5. স্থানীয় এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে সম্পর্ক

যেখানে ব্যবসা পরিচালিত হচ্ছে সেই দেশ ও অঞ্চলের সংস্কৃতি এবং প্রথা, ইত্যাদির প্রতি সম্মান দেখাতে হবে এবং একটি টেকসই সমাজ উন্নয়নে সহযোগিতা করতে হবে।

1. সংলাপের মাধ্যমে স্থানীয় ও আন্তর্জাতিক সম্প্রদায় সম্পর্কিত বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে জানতে হবে এবং সাহায্য, সহযোগিতা ও ব্যবসার মাধ্যমে এই সমস্যাগুলির সমাধান করতে হবে।
2. সংগঠিত অপরাধ দল, সংগঠিত অপরাধ দলের সদস্য, সংগঠিত অপরাধ দলের সাথে সম্পর্কিত কোম্পানি ও সংস্থা, বেআইনি কর্পোরেট দল (সকাইয়া), সামাজিক প্রচারণা বা রাজনৈতিক ক্রিয়াকলাপ পরিচালনার আড়ালে বেআইনি কার্যক্রম চালানো দল, এবং বুদ্ধিগত অপরাধে বিশেষজ্ঞ অপ্রাধি দল বা অন্যান্য অসামাজিক কর্মকাণ্ডে জরিত দলের সাথে কোন ভাবেই সম্প্রসৃত হওয়া যাবে না।

#### 6. তথ্য ব্যবস্থাপনা

ব্যবসার সময় প্রাপ্ত তথ্য যথাযথ ভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।

1. তথ্য হারিয়ে যাওয়া বা চুরি রোধ করতে, ব্যবসার সময় প্রাপ্ত তথ্য এবং ব্যক্তিগত তথ্য আদানপ্রদানের ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ রাখা হবে।
2. এ ধরনের তথ্য শুধুমাত্র ব্যবসায়িক কার্যক্রমের উদ্দেশ্যেই ব্যবহার করা হবে। অতএব, এটি অন্য কোনও ব্যবসায়িক বা ব্যক্তিগত উদ্দেশ্যে বা অন্য কোনো পক্ষের কোন কাজে ব্যবহার করা যাবে না।

#### 7. পণ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ

চূড়ান্ত ভোক্তাদের কাছে নিরাপদ এবং নির্ভরযোগ্য পণ্যদ্রব্য সরবরাহ করতে, SEVEN&i গ্রুপের সকল কোম্পানিকে ওই কোম্পানির আদর্শ মান এবং নিচে উল্লেখ্য বিষয় মেনে চলতে হবে:

1. উৎপাদনের এবং বিক্রয়ের উভয় দেশের জন্য আইনগত মান প্রণয়ন করতে হবে।
2. পণ্য এবং পরিষেবাদি সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য সময়মত এবং সঠিক পদ্ধতিতে প্রকাশ করতে হবে।
3. আমাদের গ্রাহকদের (চূড়ান্ত ভোক্তাদের) সম্ভাব্য ক্ষতির স্বীকৃতি স্বরূপ, প্রাসঙ্গিক তথ্যগুলি দ্রুত এবং সঠিক পদ্ধতিতে প্রকাশ করা হবে যাতে ক্ষতির কারণ জানা যায় বা ক্ষতি প্রতিরোধ করা যায় এবং সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে ক্ষতি প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করা হবে।
4. যে কাঁচা মাল ব্যবহারে স্থানীয় সম্প্রদায়ের উপর প্রভাব যেমন, মানবাধিকার ও পরিবেশ সম্পর্কিত সামাজিক সমস্যা তৈরি করতে পারে তা বিবেচনা করে ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

## 8. বৈধ ব্যবসা কার্যক্রম পরিচালনা

লেনদেন ন্যায়, স্বচ্ছ এবং সঠিক ভাবে সম্পন্ন করতে হবে। এছাড়াও এটি বিনা প্রতিযোগিতামূলক হবে। রাজনৈতিক ব্যক্তি ও সরকারি সংস্থার সাথে সুষ্ঠু ও সুস্থ সম্পর্ক বজায় রাখতে হবে।

1. খোলামেলা এবং ন্যায্য প্রতিযোগিতার প্রতি সম্মানিত করতে হবে এবং একচেটিয়া-বিরোধী আইন এবং অভ্যন্তরীণ নিয়ম সম্পর্কিত প্রাসঙ্গিক আইন এবং প্রবিধানগুলি মেনে চলতে হবে।
2. শান্তিপূর্ণ ব্যবসা পরিচালনার জন্য লেনদেন উপযুক্ত শর্তাবলীর উপর ভিত্তি করে সম্পন্ন হবে এবং কোন ব্যক্তিগত লাভ বা সুবিধা গ্রহণযোগ্য নয়।
3. আমাদের ব্যবসায়িক অংশীদারগণ প্রতিটি দেশের আইন ও বিধি মেনে চলবে এবং রাজনৈতিক অবদান, উপহার, বিনোদন বা ঘরোয়া বা বিদেশী সরকারি কর্মকর্তাদের বা তার সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিদের আর্থিক সুবিধা প্রদানের সময় রাজনৈতিক এবং সরকারি সংস্থার সাথে ঘনিষ্ঠ এবং উপযুক্ত সম্পর্কগুলি বজায় রাখবে।

## 9. সৃজনশীল সম্পত্তির সুরক্ষা

1. বুদ্ধিজীবী সম্পত্তির রক্ষার এবং তা কোন তৃতীয় পক্ষের কাছ থেকে রক্ষা করার দায়িত্ব নিজ কোম্পানিরা।
2. তৃতীয় পক্ষের পেটেন্ট, ইউটিলিটি মডেল, ডিজাইন, ট্রেডমার্ক, এবং ট্রেড গোপনীয়তা, সফটওয়্যারের অননুমোদিত ব্যবহার এবং বইয়ের অননুমোদিত অনুলিপি ইত্যাদির মত অধিকার লঙ্ঘনের সাথে জড়িত নয় কোন কাজে সম্পৃক্ত থাকা যাবে না।

## 10. রপ্তানি এবং আমদানি লেনদেন ব্যবস্থাপনা

1. পণ্য ও কাঁচামাল রপ্তানি, আমদানি ও আমদানি সম্পর্কিত সকল প্রাসঙ্গিক আইন এবং বিধিমালাগুলি মেনে চলা।
2. পণ্য এবং কাঁচামালের জন্য তহবিল, অথবা কর্মীদের মজুরী সংক্রান্ত অপরাধের কারণে আন্তর্জাতিক ভাবে অর্থনৈতিক বা বাণিজ্যিক ভাবে নিষিদ্ধ সেই দেশ ও অঞ্চল, সংস্থা বা ব্যক্তিদের সাথে কোন ভাবেই সম্পৃক্ত থাকা যাবে না।

## 11. সাপ্লাই চেইনের উন্নয়ন

আমাদের ব্যবসায়িক অংশীদাররা অপ্রাণ চেষ্ঠা করবে যাতে, ব্যবসায়িক অংশীদারদের সরবরাহকারী অংশীদাররা নির্দেশাবলী বুঝতে পারে এবং মেনে চলে। এবং কিছু সময় পর পর তা পরীক্ষা করে দেখবে এবং সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করবে।

## 12. পর্যবেক্ষণ

নির্দেশিকা মেনে চলার জন্য সহযোগিতা।

1. অনুরোধ করা হলে, সবাই নির্দেশিকা মেনে চলছে কিনা তা যাচাই করতে একটি পর্যবেক্ষণ প্রোগ্রামে সহযোগিতা করতে হবে।
2. নির্দেশিকা মেনে কাজ করতে তাদের সহযোগিতার প্রমাণ সরুপ গোপন নথি এবং কর্মক্ষমতার রেকর্ড যথোপযুক্ত ভাবে প্রস্তুত রাখতে হবে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। যদি অনুরোধ করা হয়, তাহলে এমন নথিপত্র প্রকাশ করা হবে।
3. যদি থাকে, তবে নির্দেশিকা না মেনে চলা চিহ্নিত করা হবে।

## III. নির্দেশিকার উদ্দেশ্য

নির্দেশাবলী লঙ্ঘনের কোন কর্মকাণ্ড নিশ্চিত করা হলে, ব্যবসা বাতিল অথবা বা চুক্তি স্থগিত করা হতে পারে।

নির্দেশিকার বিষয় বুঝিয়ে ও বাস্তবায়নের মাধ্যমে SEVEN&i গ্রুপের ব্যবসায়িক অংশীদার এবং SEVEN&i গ্রুপের কর্পোরেট উভয়ই তাদের কর্পোরেট মূল্যবৃদ্ধির লক্ষ্যস্থির করেছে।

মার্চ ২০০৭ সালে প্রণয়ন  
এপ্রিল ২০১৭ সালে সংশোধিত